# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 12.07.2024** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) বিজেপি বিরোধী আই এন ডি আই-এ জোটে থাকলেও তৃণমূল কংগ্রেস রাজ্যে সিপিএম ও কংগ্রেসের সঙ্গে কোনোরকম সমঝোতা করবে না বলে দলনেত্রী, মমতা ব্যানার্জি জানিয়েছেন।

২) রাজ্যের চারটি বিধানসভা উপনির্বাচনে আগামীকালের ভোট গণনার জন্য সমস্ত প্রস্তুতি সম্পূর্ণ।

৩) শহরের মত এবার রাজ্যের পঞ্চায়েত এলাকার বাসিন্দারাও অনলাইনে সম্পত্তিকর মেটানোর সুযোগ পাবেন।

৪) একটানা দুঃসহ ভ্যাপসা গরমের পর বর্ষার বৃষ্টিতে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় কিছুটা স্বস্তি মিলেছে। উত্তরবঙ্গেও ভারি বৃষ্টি হচ্ছে।

৫) বাংলা, জুনিয়র জাতীয় ওয়াটারপোলো চ্যাম্পিয়ন হয়েছে। ইন্দোরে গতকাল ফাইনালে বাংলা ৯-৮ গোলে কেরালাকে হারিয়ে দেয়।

---

বিজেপি বিরোধী আই এন ডি আই-এ জোটে থাকলেও তৃণমূল কংগ্রেস রাজ্যে সিপিএম ও কংগ্রেসের সঙ্গে কোনোরকম সমঝোতা করবে না বলে দলনেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। মুম্বই সফরে তিনি আজ শিবসেনা উদ্ধব গোষ্ঠীর প্রধান

উদ্ধব ঠাকরের বাসভবনে গিয়ে তার সঙ্গে সাক্ষাৎ করেন। পরে সাংবাদিকদের মমতা বলেন, রাজ্যে কংগ্রেস এবং সিপিএম বিজেপির হয়ে কাজ করছে। তৃণমূল কংগ্রেস রাজ্যে এদের বিরুদ্ধাচরণ করলেও সর্বভারতীয় স্তরে তারা কংগ্রেস ও বামেদের সঙ্গেই থাকবে।

বাইট

দলীয় সূত্রে জানা গেছে, সংসদে আসন্ন বাজেট অধিবেশনের আগে জোটের রণকৌশল নিয়েও তাদের মধ্যে আলোচনা হয়। চলতি মাস থেকে বলবত্ হওয়া তিনটি ফৌজদারি আইন নিয়েও তৃণমূল কংগ্রেস কেন্দ্রের বিরুদ্ধে সরব হন। তারপর তিনি এনসিপি প্রধান শরদ পাওয়ারের সঙ্গেও সৌজন্য সাক্ষাৎ করেন।

---------------------------

রাজ্যের চার বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোট গণনা হবে আগামীকাল। ইতিমধ্যেই তার সব প্রস্তুতি সম্পন্ন। ভোট গণনা শুরু হবে সকাল আটটা থেকে। গণনা কেন্দ্রের বাইরে ত্রি স্তরীয় নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। ২০০ মিটারের মধ্যে জারি রয়েছে ১৪৪ ধারা। আগামীকালের ভোট গণনার প্রস্তুতি নিয়ে একটি প্রতিবেদন।

---------------------------

উত্তর ২৪ পরগণার বাগাদায় এক তৃণমূল কংগ্রেস কর্মীর পুলিশের পিস্তল হাতে সেলফি তুলে সোশাল মিডিয়ায় আপলোড করার ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। এই ঘটনায় বিভাগীয় তদন্ত শুরু হয়েছে বলে বনগাঁর পুলিশ সুপার জানিয়েছেন।

উল্লেখ্য, ১০ই জুলাই বাগদায় উপনির্বাচনের দিন পুলিশের ব্যবহৃত গাড়ির চালক ছিলেন তৃণমূল কংগ্রেস কর্মী সোনাই ঘোষ ওরফে বাবাই। ভোট চলাকালীনই কর্তব্যরত সেক্টর অফিসারের কাছ থেকে পিস্তল চেয়ে ছবি তোলেন তিনি। বিজেপির অবশ্য

অভিযোগ, বাগদার মালিপোতায় ঐদিন বুথ জ্যামের অভিযোগ ওঠে, সেই সময় ঐ তৃণমূল কর্মী পিস্তল নিয়ে ভোটারদের ভয় দেখাচ্ছিলেন। তৃণমূলের পাল্টা দাবি, অভিযুক্ত তাদের দলের নয় বিজেপিরই কর্মী।

-------------------------

কোচবিহারে মাথাভাঙ্গা হাজরাহাট ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের তৃণমূল কংগ্রেসের উপপ্রধান হাসিম আলী ও তার ভাই এরশাদ আলীর বিরুদ্ধে এক মহিলাকে মারধরের অভিযোগ উঠেছে। মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে ভর্তি ওই মহিলা। জমি নিয়ে বিবাদ কে কেন্দ্র করে গতকাল পুলিশের উপস্থিতিতেই মারধর করা হয় বলে অভিযোগ। এই ঘটনায় পুলিশ আজ মূল অভিযুক্ত এরশাদ আলী ও আরেক অভিযুক্ত কে গ্রেপ্তার করেছে। হাসিম আলী অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

-------------------------

বিজেপি সাম্প্রদায়িক উস্কানিমূলক মন্তব্যের জন্য মেয়র ফিরহাদ হাকিমের পদত্যাগ দাবি করেছে। দলের উত্তর কলকাতা সংগঠন এই দাবিতে আজ কলকাতা পুরসভার সামনে বিক্ষোভ দেখায়। উত্তর কলকাতা সংগঠনের সভাপতি তমোঘ্ন ঘোষ অভিযোগ করেন,মেয়র ফিরহাদ হাকিম অন্য সম্প্রদায়কে যেভাবে আক্রমণ করছেন তা অনভিপ্রেত। অবিলম্বে তিনি এই মন্তব্যের জন্য ক্ষমা না চাইলে অথবা পদত্যাগ না করলে বিজেপি কর্মীরা মেয়রকে সর্বত্র কালো পতাকা দেখাবে। শ্রী ঘোষ বলেন,এই বিক্ষোভের জন্য তারা পুলিশের কাছে অনুমতি চাইলেও পুলিশ তাদের মঞ্চ তৈরি করতে বাধা দিয়েছে। তাই প্রয়োজনে তারা পথে নেমে আন্দোলন করবেন।

-------------------------

শহরের মত এবার রাজ্যের পঞ্চায়েত এলাকার বাসিন্দারাও অনলাইনে সম্পত্তিকর মেটানোর সুযোগ পাবেন। একই সঙ্গে তিনটি কিস্তিতে তাঁদের সম্পত্তিকর মেটানোর সুয়োগ দেওয়া হবে বলে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ণ দফতর সিদ্ধান্ত নিয়েছে। কম্পিউটার বা স্মার্টফোন থাকলে ই অনলাইনে এই সম্পত্তিকর জমা দেওয়া যাবে। সব ঠিক থাক থাকলে পুজোর আগেই রাজ্যের ৩৩৩৯টি গ্রাম পঞ্চায়েতে এক যোগে শুরু হবে এই সুবিধা। ইতিমধ্যে এ সংক্রান্ত প্রাথমিক কাজ সেরে ফেলেছে রাজ্যের পঞ্চায়েত দফতর।

এতদিন শুধুমাত্র পুরসভা এলাকায় এই সুবিধা মিলত। নতুন এই পরিষেবা চালু হওয়ার ফলে রাজ্যের গ্রামাঞ্চলের প্রায় সাত কোটি বাসিন্দা উপকৃত হবেন।

উল্লেখ্য পৈতৃক বাড়ি গ্রামে এমন অনেক মানুষ কলকাতায় বা রাজ্যের বাইরে থাকেন। এই পরিষেবা চালু হলে তাঁদের আর কর জমা দিতে গ্রামে ছুটে যেতে হবে না। সেই সঙ্গে দীর্ঘদিন ধরে পাহাড়প্রমাণ বকেয়া পড়ে থাকার সমস্যাও কমবে। নবান্ন সূত্রে খবর, প্রায় সাড়ে ৪ হাজার কর সংগ্রাহক বাড়ি বাড়ি গিয়ে সম্পত্তি কর সংগ্রহ করেন। এখন থেকে তাদের কাছে কিউ আর কোড এবং পস মেশিন থাকবে। তার মাধ্যমে ইউ পি আই এবং ডেবিট কার্ডের মাধ্যমে কর দেওয়া যাবে। এজন্য একটি বেসরকারি সংস্থার সঙ্গে চুক্তিও করা হচ্ছে।

-------------------------

গ্রামীন পরিকাঠামোর উন্নয়নে পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশ মেনে কেন্দ্র, রাজ্যকে তিন হাজার ১২৩ কোটি টাকা দিলেও অধিকাংশ জেলা তাদের বরাদ্দ অর্থের বেশিরভাগ অংশ খরচ করতে না পারায় রাজ্য সরকার জেলাগুলিকে আরও সক্রীয় হওয়ার নির্দেশ দিয়েছে। অর্থ দপ্তর সূত্রে জন গেছে,গত মাস পর্যন্ত এর মধ্যে মাত্র

৮৪৮ কোটি ৯০ লক্ষ টাকা খরচ করা গেছে। সবচেয়ে কম খরচ করেছে উত্তর চব্বিশ পরগনা ও মুর্শিদাবাদ জেলা, যা বরাদ্দ অর্থের ২০ শতাংশেরও কম। সবচেয়ে বেশি ৪৮ শতাংশ খরচ করেছে কোচবিহার জেলা। এইদিকে নবান্ন সূত্রে জানা গেছে, বিভিন্ন সরকারি প্রকল্প সঠিক সময়ে রুপায়ন হচ্ছে কিনা তা দেখার জন্যে পঞ্চায়েত দপ্তরের সচিবের নেতৃত্বে একটি মনিটরিং কমিটি তৈরি করা হয়েছে । এই কমিটি প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয় ও কাজের মূল্যায়ন করে মুখ্যমন্ত্রীর দপ্তরে রিপোর্ট জমা দেবে।

--------------------------

একটানা দুঃসহ ভ্যাপসা গরমের পর বর্ষার বৃষ্টিতে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় কিছুটা স্বস্তি মিলেছে। আবহাওয়া দপ্তর আগামী বৃহস্পতিবার পর্যন্ত দক্ষিণবঙ্গের সব জেলাতেই বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে। এরফলে বৃষ্টির ঘাটতি কিছুটা কমবে বলেও আশা করা যায়। কলকাতায় আজ বিকেল সাড়ে ৫ টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৪৯ দশমিক ৩ মিলিমিটার। তাপমাত্রাও বেশ কিছুটা কমেছে। মহানগরীতে আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৪ দশমিক ৪ ডিগ্রি নীচে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় ৩ দশমিক ২ ডিগ্রী কম।

অন্যদিকে, অক্ষরেখা ও ঘূর্ণাবর্তের প্রভাবে উত্তরবঙ্গের জেলাগুলিতেও ভারী থেকে অতি ভারী বৃষ্টি হচ্ছে। দার্জিলিং-এ রবিবার এবং জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, কোচবিহার ও উত্তর দিনাজপুরে আকামীকাল পর্যন্ত ভারী বৃষ্টির সতর্কতা জারি করা হয়েছে।

এদিকে, একটানা বৃষ্টিতে কালিম্পং থেকে দার্জিলিং যাওয়ার রাস্তা তিস্তার জলের নীচে চলে যাওয়ায় কালিম্পং ও দার্জিলিং যোগাযোগ আপাতত বন্ধ। জাতীয় সড়কে ২১ মাইলে নতুন করে ধস নামায় সমস্যা আরও বেড়েছে। ১০ নম্বর জাতীয় সড়ক মেরামতি করতে আরও কিছুটা সময় লাগবে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

--------------------------

মালদহ জেলার বামনগোলা ব্লকের,গোবিন্দপুর মহেষপুর গ্রাম পঞ্চায়েতের সাপমারী,ময়নাখোলা গোয়ালপারা মালডাঙ্গা, গুনাইডাঙ্গার বন্যা কবলিত এলাকা আজ পরিদর্শন করেন, জেলা শাসক নিতীন সিংহানিয়া। ওই এলাকায় প্রায় ৫ হাজার পরিবারের বসবাস।তাদের সবরকম ব্যবস্থা করা হবে বলে আশ্বাস দিয়েছেন তিনি।

উল্লেখ্য হাড়িয়া নদীতে জল বাড়ার ফলে রাস্তা ভেঙ্গে গ্রামে জল ঢুকে পড়ে আর এরই জেরে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়। নদীর জল ঢুকে প্লাবিত বিস্তীর্ণ এলাকার কৃষিজমি। গ্রামবাসীরাজেলা শাসকের কাছে বিদ্যুৎ ও পানীয় জলের সমস্যার কথাও তুলে ধরেন।

--------------------------

পুরুলিয়ার রঘুনাথপুরের জামুয়াডি গ্রামে মাছ ধরতে গিয়ে দামোদর নদে ডুবে এক যুবকের মৃত্যু হয়েছে। সঞ্জীব হেমব্রম নামে ঐ আদিবাসী যুবক গতসন্ধ্যায় টুইবের তৈরি নৌকো করে দামোদরে মাছ ধরতে গিয়েছিলেন। সেই সময় ঝড় বৃষ্টি শুরু হওয়ায় তিনি আর ফিরে আসতে পারেন নি। পরিবারের সদস্যরা তাঁর খোঁজে রঘুনাথপুর থানায় খবর দেন। পুলিশ ও বিপর্যয় মোকাবিলা বাহিনী রাতে তল্লাশি শুরু করলেও প্রতিকুল আবহাওয়ার কারণে তা স্থগিত রাখতে হয়। আজ সকালে তল্লাশি শুরু হলে ঘন্টা দুয়েক পর সঞ্জীবের মৃতদেহ উদ্ধার করা হয়।

--------------------------

পূর্ব বর্ধমানের দেওয়ার দিঘি থানার আলমপুরে চোর সন্দেহে আটকে রাখা চারজনকে উদ্ধার করতে গিয়ে পুলিশ আজ আক্রান্ত হয়। পুলিশের গাড়িতেও ভাঙচুর চালানো হয় বলে অভিযোগ। এই ঘটনাকে কেন্দ্র কের এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। হামলায় জড়িত থাকার অভিযোগে ১৪ জনকে পুলিশ গ্রেপ্তার করে। এদের মধ্যে ১৩ জনেরই বাড়ি আলমপুরে। ধৃতদের আজ বর্ধমানের সিজেএম আদালতে তোলা হলে ৭ দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। পুলিশ সূত্রে জানা গেছে, মুর্শিদাবাদের লালগোলা থানা এলাকায় চার জন আলমপুরে ব্যবসার কাজে ঘর ভাড়া নিয়ে থাকতেন। আজ ভোররাতে চোর সন্দেহে তাদের আটকে রাখা হয়েছে খবর পেয়ে সেখানে গিয়ে পুলিশ দেখে তাদের নৃশংসভাবে মারধর করা হচ্ছে। তাদের উদ্ধার করা হলে উত্তেজিত জনতা পুলিশকে বাধা দেয়। ঐই নিয়েই উত্তজেনা ছড়ায়। জখম হন একজন এএসআই। এরপর ওসির নেতৃত্বে বিশাল পুলিশ বাহীন সেখানে গেলে পুলিশকে মারধর করা হয়। ওসি সহ কেয়কজন পুলিশকর্মী আহত হন। তাদের বর্ধমান মোেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

--------------------------

বর্ধমান শহরের ৩৩ নম্বর ওয়ার্ডের খাঁ পাড়ায় ছেলেধরা সন্দেহে এক নাবালিকাসহ দুজনকে মারধর করে স্থানীয়রা। পরে পুলিশ গিয়ে তাদের উদ্ধার করে। অপরিচিত পাঁচজন এলাকারই একটি বাচ্চার সঙ্গে কথা বলতে শুরু করলে স্থানীয়দের সন্দেহ হয়।তাদের পরিচয় জিজ্ঞাসা করতেই তারা পালাবার চেষ্টা করে। তাদের ধাওয়া করে পার্শ্ববর্তী তেলমুই পাড়া এলাকায় দু'জনকে ধরে ফেলে।বাকীরা পালিয়ে যায়। তাদের বেঁধে রেখে ছেলেধরা সন্দেহে মারধর করা হয়। ঘটনার খবর পেয়ে বর্ধমান থানার

পুলিশ পৌঁছে নাবালিকা সহ দু'জনকে উদ্ধার করে। অভিযুক্তদের দাবি,তারা ওই এলাকার ভিক্ষা করতে এসেছিল।

জেলা পুলিশ সুপার আমনদীপ বলেন, ঘটনা তদন্ত করে দেখা হচ্ছে। ঘটনার সঙ্গে যুক্তদের শনাক্ত করা হচ্ছে। তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। পাশাপাশি তিনি গুজব না ছড়ানোর আবেদনও জানান।

--------------------------

বাংলা, জুনিয়র জাতীয় ওয়াটারপোলো চ্যাম্পিয়ন হয়েছে। ইন্দোরে গতকাল ফাইনালে বাংলা ৯-৮ গোলে কেরালাকে হারিয়ে দেয়। বাংলার সৌমেন মন্ডল ৬ টি গোল করেছে। সৌমেন সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন।

-------------------------- --------------------------